দৈনিক ইনকিলাব

তারিখ 0 1 JAN 1994
পৃষ্ঠা ৫ কলাম ৫

## ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমীপে

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে এমবিএ ভর্তি পরীক্ষা আগামী ৭ জানুয়ারী অনুষ্ঠিত হবে। আমরা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধীনে '৯২ সালের ডিগ্রী পাস পরীক্ষায় '৯৩ সালের এপ্রিল মাসে অংশগ্রহণ করি। কিন্তু বিএসসির ফল প্রকাশ হলেও বিএ ও বিকম-এর ফল এখনও প্রকাশ না হওয়ায় আমরা যারা ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে এমবিএ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রস্তুতি নিচ্ছি, তারা উক্ত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারব না। কারণ এবার কর্তৃপক্ষ শুধুমাত্র যারা ডিগ্রী পরীক্ষায় পাস করেছে, তাদেরকেই পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দিচ্ছেন। অতএব, কর্তৃপক্ষ সমীপে একান্ত আবেদন, প্রতিবারের মত যারা ডিগ্রী পরীক্ষায় অংশগ্রহণ করেছে, তাদেরকেও ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দিলে বাধিত হব।

—'৯২-এর পরীক্ষার্থীদের পক্ষে,
মোহাম্মদ শাহ আলম,
চট্টগ্রাম কলেজ।